

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫৬৭

৪৫/ দু'আসমূহ (ﷺ) ১বাب الدعوات عن رسول الله

পরিচ্ছেদঃ ১১৪. নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি নামাযের পর যে দু'আ দ্বারা আশ্রয় প্রার্থনা করতেন

باب فِي دُعَاءِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَتَعَوُّذِهِ دُبُرَ كُلِّ صلاةٍ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَحْبَرَنَا زَكَرِيَّا بْنُ عَدِيٍّ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ، هُوَ ابْنُ عَمْرٍ وَ الرَّقِيُّ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ، عَنْ مُصِعْب بْنِ سَعْد، وَعَمْرِو بْنِ مَيْمُونٍ، قَالَ كَانَ سَعْدٌ يُعَلِّمُ بَنِيهِ هَوَٰلاءِ الْكَلِمَاتِ كَمَا يُعَلِّمُ الْمُكْتِبُ الْغِلْمَانَ وَيَقُولُ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَتَعَوَّذُ بِهِنَّ دُبُرَ الصَّلاَةِ " اللَّهُمُ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْجُبْنِ صلى الله عليه وسلم كَانَ يَتَعَوَّذُ بِهِنَّ دُبُرَ الصَّلاَةِ " اللَّهُمُّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبُخْلِ وَأَعُوذُ بِكَ مِنْ أَرْذَلِ الْعُمُرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الدُّنْيَا وَعَذَابِ الْقَبْرِ " . قَالَ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَبُو إِسْحَاقَ الْهَمْدَانِيُّ مُضْطَرِبٌ فِيهِ قَالَ أَبُو عِيسَى هَذَا الْوَجْهِ عَنْ عَمْرِو بْنِ مَيْمُونٍ عَنْ عُمْرَ وَيَقُولُ عَنْ غَيْرِهِ وَيَضْطَرِبُ فِيهِ قَالَ أَبُو عِيسَى هَذَا الْوَجْهِ . عَنْ عَمْرو بْنِ مَيْمُونٍ عَنْ هَذَا الْوَجْهِ .

## বাংলা

৩৫৬৭। মুসআব ইবনু সা'দ ও আমর ইবনু মাইমূন (রহঃ) হতে বর্ণিত আছে, তারা প্রত্যেকে বলেন, সা'দ ইবনু আবী ওয়াক্কাস (রাযিঃ) নিম্নোক্ত বাক্যগুলো তার সন্তানদেরকে এমনভাবে শিক্ষা দিতেন, যেমনভাবে মক্তবে শিক্ষক শিশুদেরকে শিক্ষা দেন। তিনি বলতেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযের পর এগুলো দ্বারা আল্লাহ তা'আলার নিকট আশ্রয় প্রার্থনা করতেনঃ "হে আল্লাহ! তোমার কাছে আমি ভীরুতা হতে আশ্রয় চাই, তোমার কাছে কৃপণতা হতে আশ্রয় চাই, তোমার কাছে অতি বার্ধক্যে পৌছার বয়স হতে আশ্রয় চাই এবং তোমার কাছে দুনিয়ার ঝগড়া-বিবাদ ও কবরের শাস্তি হতে আশ্রয় চাই।"

সহীহঃ বুখারী (২৮২২, ৬৩৬৯)।

আবদুল্লাহ ইবনু আবদুর রহমান আদ-দারিমী বলেন, এ হাদীসে আবৃ ইসহাক আল-হামদানী (সনদে) কিছুটা গড়মিল করে ফেলেছেন। তিনি কখনো বলেন, আমর ইনু মাইমূন (রাহঃ)-উমার ইবনুল খাত্তাব (রাযিঃ) হতে, আবার কখনো অপরের হতে রিওয়ায়াত করেন। আবৃ ঈসা বলেন, উপরোক্ত সনদে এ হাদীসটি হাসান সহীহ।



## **English**

Mus`ab bin Sa`d and `Amr bin Maimun narrated:

"Sa`d used to teach his children these words just as the Muktib teaches children, he would say: 'Indeed, the Messenger of Allah () used to seek refuge by saying them at the end of (every) Salat: O Allah I seek refuge in You from cowardliness, I seek refuge in You from miserliness, I seek refuge in You from feeble old age, and I seek refuge in You from the trial of the world, and the punishment of the grave (Allāhumma innī a`ūdhu bika minaljubn, wa a`ūdhu bika minal-bukhl, wa a`ūdhu bika min ardhalil-`umur, wa a`ūdhu bika min fitnatid-dunyā wa `adhābil qabr).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ,)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন